# গণঅধিকার পরিষদের কোনো জোট বা আসন সমঝোতা হয়নি: নুর



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদ এখনো কোনো রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচনী জোট বা আসন সমঝোতায় যায়নি বলে জানিয়েছেন দলটির সভাপতি নুরুল হক নুর। তবে নির্বাচনের আগে বিভিন্ন দলের সঙ্গে আলোচনা চলছে এবং সব ৩০০ আসনে প্রার্থী দেওয়ার প্রস্তুতিও চলছে বলে জানান তিনি।

গণঅধিকার পরিষদ কোনো রাজনৈতিক দলের সঙ্গে জোট বা আসন সমঝোতা করেনি বলে জানিয়েছেন দলটির সভাপতি নুরুল হক নুর। বৃহস্পতিবার (৯ অক্টোবর) এক ফেসবুক পোস্টে তিনি এ তথ্য জানান।

নিজের পোস্টে নুরুল হক নুর লেখেন, “গণঅধিকার পরিষদের পক্ষ থেকে কখনো বলা হয়নি যে আমরা কোনো দলের সঙ্গে নির্বাচনী জোট বা আসন সমঝোতা করেছি। গত এক বছরে অন্তত একশ’বার মিডিয়ার সামনে এবং বিভিন্ন প্রোগ্রামে স্পষ্টভাবে বলেছি—আমাদের কারও সঙ্গে এমন কোনো সমঝোতা হয়নি।”

তিনি আরও জানান, “নির্বাচন ঘনিয়ে আসায় নির্বাচনী জোট নিয়ে কয়েকটি দলের সঙ্গে আলাপ-আলোচনা চলছে। পাশাপাশি আমরা সব ৩০০ আসনেই প্রার্থী দেওয়ার জন্য কাজ করছি। ইতোমধ্যে ৩৬টি আসনে ৩৬ জন প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে।”

গণঅধিকার পরিষদের সভাপতি জানান, শিগগিরই ধাপে ধাপে বাকি আসনগুলোর প্রার্থী ঘোষণা করা হবে। একই সঙ্গে তিনি গণমাধ্যমের উদ্দেশে অনুরোধ করেন—দলের দায়িত্বপ্রাপ্তদের বক্তব্য ছাড়া মনগড়া বা অনুমানভিত্তিক সংবাদ প্রকাশ না করতে।

পোস্টের শেষে নুর দুইজন দায়িত্বপ্রাপ্ত নেতার নাম ও ফোন নম্বর উল্লেখ করে জানান, দলের বিষয়ে সঠিক তথ্য জানতে গণমাধ্যম যেন তাঁদের সঙ্গেই যোগাযোগ করে।